

কী ফুল ঝরিল বিপুল অন্ধকারে ।
 গন্ধ ছড়ালো ঘুমের প্রান্তপারে ॥
 একা এসেছিল ভুলে অন্ধরাতের কূলে
 অরুণ-আলোর বন্দনা করিবারে ।
 ক্ষীণ দেহে মরি মরি সে যে নিয়েছিল বরি
 অসীম সাহসে নিষ্ফল সাধনারে ॥
 কী যে তার রূপ দেখা হল না তো চোখে,
 জানি না কী নামে স্মরণ করিব ওকে ।
 আঁধারে যাহারা চলে সেই তারাদের দলে
 এসে ফিরে গেল বিরহের ধারে ধারে ।
 করুণ মাধুরীখানি কহিতে জানে না বাণী
 কেন এসেছিল রাতের বন্ধ দ্বারে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Pilu-Barwan

Visit www.geetabitan.com for notation and other detail